# ECHO OF HIS CALL

## আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

REACHING NATIONS

India's National Spiritual Newspaper

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXV | AUGUST 2023 | No. 06


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীত ১০৩:৮-১৭

৮। সদাপ্রভু কৃপাময় ও স্নেহশীল, ক্রোধে ধীর ও দয়াতে মহান।

৯। তিনি ক্রমাগত আমাদের অভিযুক্ত করবেন না, তিনি চিরকাল তাঁর ক্রোধ মনে রাখবেন না;

১০। তিনি আমাদের প্রতি আমাদের পাপের অনুযায়ী আচরণ করেন না অথবা আমাদের অপরাধের অনুযায়ী আাদের প্রতিফল দেন না।

১১। কারণ জগতের উর্দ্ধে আকাশমণ্ডল যত উচ্চ, যারা তাঁকে সম্ভ্রম করে তাদের প্রতি তাঁর প্রেম ততটাই মহান;

১২। পূর্ব থেকে পশ্চিম যত দূরে, ততটাই আমাদের অপরাধ তিনি আমাদের থেকে দূর করেছেন।

১৩। বাবা যেমন তার সন্তানসন্ততিদের প্রতি করুণা করেন, যারা সদাপ্রভুকে সম্ভ্রম করে তিনি ততটাই তাদের প্রতি করুণা করেন;

১৪। কারণ তিনি জানেন আমরা কীভাবে নির্মিত হয়েছি, তিনি স্মরণে রাখেন যে আমরা কেবল ধুলো।

১৫। মরণশীল মানুষের জীবন ঘাসের মতো, মাঠের ফুলের মতো তারা ফুটে ওঠে;

১৬। তাদের উপর দিয়ে বায়ু যায় আর তারা নিশ্চিহ্ন হয়, আর সেই স্থান তাদের আর মনে রাখে না।

১৭। কিন্তু অনাদিকাল থেকে অনন্তকাল পর্যন্ত সদাপ্রভুর প্রেম তাদের সঙ্গে আছে যারা তাকে সম্ভ্রম করে, এবং তাঁর ধার্মিকতা তাদের সন্তানসন্ততিদের প্রতি বর্তাক।

# আখোর উপত্যকা: একটি আশার দরজা





## THE VALLEY OF ACHOR: A DOOR OF HOPE!

**পাস্টর অ্যাঞ্জেলীন সেলভাকুমারী**

যীশু খ্রীষ্টের নামে আপনাদের শুভেচ্ছা জানাই। ২০২৩ সালে বিগত ৭ মাস আমাদের প্রতি তাঁর অনুগ্রহের জন্য আমি ঈশ্বরকে ধন্যবাদ জানাই। কয়েক জনের জন্য, এটি একটি আশীর্বাদের বছর হয়ে থাকতে পারে, অন্যদের জন্য ততটা আশীর্বাদের নাও হতে পারে। কয়েক জনের কাছে এটি তাদের জীবনের সব থেকে জঘন্য বছর হতে পারে। আবার অন্য কয়েক জনের কাছে এটা সব থেকে ফলপ্রসূ হয়ে থাকতে পারে! প্রত্যেকটি পরিস্থিতিতে আামদের যেটা মনে রাখা প্রয়োজন সেটা হচ্ছে যে ঈশ্বর মঙ্গলময়, এবং তিনি যা কিছু করেন তা ভালোর জন্য করেন! আমরা যদি তাঁর আমাদের আশা, আমাদের বিশ্বাস, এবং আমাদের নির্ভরতা রাখি তাহলে তিনি সমস্ত বিষয়গুলিকে আমাদের মঙ্গলে পরিণত করবেন (ভালো, মন্দ এবং জঘন্য সমস্ত কিছু)। তাঁর সময়ে,সমস্ত কিছু আশীর্বাদে পরিণত হবে কারণ তিনি বিশ্বস্ত ঈশ্বর এবং উত্তম পিতা।

আমি যখন যিহোশূয় পুস্তকটি পাঠ করছিলাম, আমি আখোর উপত্যকায় যা ঘটেছিল সেই বিষয়ে গভীরভাবে বিচলিত হয়েছিলাম। অত্যন্ত দুঃখজনক এবং হিংসাত্মক কাহিনী। একটি স্থান যেখানে আখন এবং তাঁর সমগ্র পরিবারকে পাথর মেরে হত্যা করা হয়েছিল এবং আগুনে পুড়িয়ে দেওয়া হয়েছিল: সুতরাং ইস্রায়েলীয়রা এই জায়গাটির নাম দিয়েছিল আখোর উপত্যকা (যিহোশূয় ৭:২৫,২৬)।

(ক্রমশঃ ৪ পৃষ্ঠায়)


তাঁর আহ্বানের প্রতিধ্বনি



**ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!**

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

Message, pray er in 5 minutes!!

৫ মিনিটের বাণী!!

ইংরাজী এবং হিন্দি
প্রত্যেক দিন ভোর ৪টে

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



## *from your dearly beloved brother...*



**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**CHIEF EDITOR**

Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**ADMINISTRATION**

Bro. N. Prakasam, M.A., General Manager
Dr. Rabinder Boaz, M.S.
Bro. K. Puratchivendan

**EDITORIAL BOARD**

Sis. Jesy Veena Sam
Sis. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Dr. A. Richard Samuel, M.A., Ph.D.
Rev. Dr. K.R. Rajasekaran



**EDITOR, PUBLISHER & PRINTER**

Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 95661 31858

**E.mail ID**

sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**

www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**

Echo of His Call


"সদাপ্রভু তোমাদের আশীর্ব্বাদ করুন ও রক্ষা করুন"
— গণনা ৬:২৪

## THE NET BREAKS! THIS IS YOUR TIME!!

প্রভুতে প্রিয়তম ঈশ্বরের সন্তানগণ,

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা, যীশু খ্রীষ্টের অতুলনীয় নামে আপনাদের শুভেচ্ছা জানাই। বিশ্ব দৃষ্টিভঙ্গি সহ, আমরা যে কোনও উপায়ে সারা পৃথিবীতে যীশু খ্রীষ্টের সুসমাচার নিয়ে যেতে চাই। আমাদের নিম্নলিখিত পরিচর্যাগুলি আমাদের সীমা ছাড়িয়ে সামনে এগিয়ে যাচ্ছে:

১। ১৬টি ভাষায় প্রকাশিত আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ডাক মারফৎ এবং ইমেলের মাধ্যমে চারিদিকে পাঠানো হচ্ছে।

২। **ডাকমারফৎ থিওলজিক্যাল করেসপণ্ডেস কোর্স** (তামিল, ইংরাজী এবং হিন্দি ভাষায়)

৩। **মণ্ডলী পরিচর্যাগুলি** (প্রধান এবং শাখামণ্ডলীগুলি )

৪। **নহিমিয় বাইবেল কলেজগুলি** (চীপক এবং সন্তোষপুরম-তামিল এবং ভেলাচেরী—হিন্দি)

৫। **সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুল** (ইংরাজী মাধ্যম)

৬। **আহ্বানের প্রতিধ্বনি প্রিন্টিং প্রেস**

৭। **আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব চ্যানেল** যেখানে প্রতিদিন ভোর ৫টার সময় তামিল, তেলেগু, ইংরাজী এবং হিন্দি ভাষায় ৫ মিনিটের জন্য ঈশ্বরের বাণী আপলোড করা হয়। রবিবারের বাণীগুলিও আপলোড করা হয়। আরও অন্যান্য প্রচার মাধ্যমের পরিচর্যাগুলিও চলছে।



পাস্টর স্যামসহ আমাদের কয়েক জন গ্রাজুয়েট শিক্ষার্থী

উপরোক্ত সমস্ত পরিচর্যাগুলির জন্য ঈশ্বর তাঁর অনুগ্রহ দিচ্ছেন। আপনাদের প্রার্থনাগুলি, উৎসাহপূর্ণ কথাগুলো এবং সাহায্য আমাদের কাছে এই বিষয়টির সত্যতা প্রমাণ করে। যেহেতু আমরা সত্য এবং সততার সঙ্গে এই পরিচর্যা করি, সেহেতু দিয়াবল তার চতুর পরিকল্পনাগুলিসহ আমাদের আক্রমণ করার চেষ্টা করছে যে বিষয়গুলি নিয়ে আমরা প্রকাশ্যে আলোচনা করতে পারবো না। আপনি কি আমাদের জন্য প্রার্থনা করবেন?

আমাদের নহিমিয় বাইবেল কলেজগুলির কার্যকলাপগুলি অতি দ্রুত বৃদ্ধি পাচ্ছে। সদাপ্রভু যিনি ডাক মারফত বাইবেল পাঠক্রম (বাইবেলকোর) এবং থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স শুরু করতে সাহায্য করেছিলেন, তিনি এখন নতুন নিয়মিত পাঠক্রমগুলি শুরু করতে সাহায্য করেছেন (সান্ধ্য এবং আবাসিক)।



**নহিমিয় বাইবেল কলেজ-সন্তোষপুরম-বিশেষ সভা**

সন্তোষপুরমে আমাদের পরিচর্যা ক্যাম্পাসে বাইবেল কলেজ পুনরায় শুরু করার জন্য ৪ঠা জুন বিশেষ অতিথি এবং আমাদের নহিমিয় বাইবেল কলেজের ঈশ্‌তাত্ত্বিক বিদ্বান ব্যক্তিদের সভা অনুষ্ঠিত হয়েছিল।

প্রার্থনা সহকারে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যে আমাদের সন্তোষপুরম ক্যাম্পাসে তৃতীয় নহিমিয় বাইবেল কলেজটি শুরু করা হবে এবং C.Th.,Dip.Th.এবং B.Th.ডিগ্রি দেওয়া হবে। সেই কারণে আমরা এই কাজের সঙ্গে গভীরভাবে যুক্ত হয়েছি। ঈশ্বরের লোকদের মনে একটি প্রশ্ন উঠতে পারে: " কেন আবার আরেকটা নতুন পরিচর্যা কাজ শুরু করা হচ্ছে যখন ইতিমধ্যেই পরিচর্যা কাজে এতো সংগ্রাম এবং সমস্যা আছে ? এটা সত্য যে ঈশ্বর একটি নতুন পরিকল্পনার উদ্যোগ গ্রহণ করার জন্য আমাদের অন্তরে কঠোর চাপ দিচ্ছেন। সুতরাং আমরা নীরব থাকতে পারছি না। সবকিছু প্রভুর ইচ্ছানুসারে ঘটছে।

আমাদের কেবল একটাই জীবন আছে এবং সেই জীবন দ্রুত চলে যায়ৎ এটা আমার আন্তরিক ইচ্ছা যে আমাদের প্রভু যীশু খ্রীষ্টের জন্য যা কিছু সম্ভব আমি করবো।





ইতিমধ্যেই আমাদের ২০০ জন ঈশ্বরের পূণ' সময়ের কর্মী এবং ভলেণ্টিয়ার আছে যারা আমাদের পরিচর্যা কাজের সঙ্গে যুক্ত। আমাদের কর্মী এবং অর্থের অভাব সত্ত্বেও, আমরা একটি বাইবেলের পদ অনুসরণ করে এই নতুন কলেজ প্রকল্পটির উদ্দেশে অগ্রসর হচ্ছি, যেখানে বলা হয়েছে, **"দেখো, শত্রু অহংকারে ফুলে উঠেছে; তার ইচ্ছাসকল ন্যায্য নয়, কিন্তু ধার্মিক ব্যক্তি বিশ্বাসের দ্বারাই জীবিত থাকবে"** (হবক্‌কূক ২:৪)। **"কিন্তু আমার ধার্মিক ব্যক্তি, বিশ্বাসের দ্বারাই বাঁচবে। যদি সে পিছিয়ে পড়ে, আমি তার প্রতি প্রসন্ন হব না"** (হিব্রীয় ১০:৩৮)।

লূক ৫ অধ্যায়ে, আমরা পাঠ করি, প্রভু যীশু কীভাবে তাঁর শিষ্যদের প্রচুর মাছ ধরতে সাহায্য করেছিলেন যা তাদের ক্ষমতার বাইরে ছিল। তারা এতো প্রচুর পরিমাণে মাছ ধরেছিল যে তাদের জাল ছিঁড়ে যাওয়ার উপক্রম হয়েছিল। তাদেরকে সাহায্যের জন্য অন্য নৌকার লোকদের ডাকতে হয়েছিল, যেহেতু তারা নিজেরা সামলাতে পারছিল না।

**"তখন অন্য নৌকায় তাঁদের যে সহযোগীরা ছিলেন, তিনি তাঁদের ইশারা করলেন, যেন তাঁরা এসে তাঁদের সাহায্য করেন। তাঁরা এলেন। দুটি নৌকায় মাছে এমনভাবে পূর্ণ হলো যে, সেগুলি ডুবে যাওয়ার উপক্রম হল"** (লূক ৫:৭)।

একইভাবে, প্রভু **আহ্বানের প্রতিধ্বনির** সমস্ত পরিচর্যা কাজকে প্রচুররূপে আশীর্বাদ করেছেন, অগণিত অলৌকিক কাজ করেছেন এবং আমাদেরকে তিনি অসংখ্য আত্মা দিয়েছেন।

প্রিয় পাঠকবর্গ, আমরা আপনাদেরও আসার জন্য এবং আমাদের পরিচর্যাগুলো দেখার জন্য আহ্বান জানাচ্ছি! আসুন এবং আমাদের ঈশ্বরের পরিচর্যাগুলো দেখে যান!! আপনি উপলব্ধি করতে পারবেন কীভাবে প্রভুর উপর আমাদের বিশ্বাস কাজ করছে।



আমাদের নিয়মিত আর্থিক আয় না থাকলেও, প্রভু তাঁর লোকদের প্রতিদিন বাঁচিয়ে রাখেন, যারা তাঁর উপর নির্ভর করেন। তিনি বিশ্বস্ত। **"যিনি তোমাদের আহ্বান করেন, তিনি বিশ্বস্ত, তিনিই তা সাধন করবেন"** (১ থিষলনীকীয় ৫:২৪)।

আত্মাদের ভারে আমাদের জালগুলি ভাঙ্গছে। কোন বিজ্ঞাপন ছাড়াই এতো অধিক পরিচর্যা কাজ হচ্ছে! অসংখ্য ঈশ্বরের দাস! আমরা প্রশাসনের উদ্দেশে সংগ্রাম করি!!! কোনও না কোনও ভাবে আমাদের সঙ্গে যোগদান করার জন্য এগিয়ে আসুন। আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির প্রতি সাহায্যের হাত বাড়িয়ে দিন যাদের প্রচুর আত্মার ভারে জালগুলি ছিঁড়ে যাবার উপক্রম হচ্ছে। এই ১০ই আগস্ট আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যা ৫৫ বছরে প্রবেশ করছে। তাঁর অনন্তকালীন অনুগ্রহ আমাদের পরিচর্যাগুলিকে আজও পরিচালনা করছে। প্রার্থনা করুন আমাদের সমস্যাগুলির যেন সমাধান হয় এবং সঙ্কটগুলি যেন দ্রুত পরিবর্তিত হয়। অনুগ্রহ করে সাহায্য করুন।

আপনি যা করতে পারেন তা করুন! ঈশ্বর আপনাকে যা করতে প্ররোচিত করবেন তা করুন!! ঈশ্বরের অনুগ্রহ আপনাদের সহবর্তী হোক।

যীশু খ্রীষ্টে আপনাদের ভাই,

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেক্স স্যামসন স্যাম।**

(+91) 98412 71858 / 98410 71858
E.mail : samselvaraj333@gmail.com

আখোর উপত্যকা, যার অর্থ হচ্ছে "বিপত্তির স্থান" অথবা "দুর্দশার স্থান" এবং কীভাবে এই স্থানটি "একটি আশার দ্বারে" পরিণত হয়েছিল। একটি স্থান যা দুর্দশা, বিপত্তি, ব্যর্থতা, অভিশাপ, বিনাশ, এবং হতাশার স্থান ছিল—তা কীভাবে আশার, নতুন জীবনের, এবং একটি নতুন সূচনার স্থানে পরিণত হয়েছিল? আমি জানি না আপনারা কতজন এটা পড়ছেন, কিন্তু আমি এখন আখর উপত্যকায় আছি, যেখানে সমস্ত কিছু মৃত এবং পতিত এবং আমার জন্য কিছুই কাজ করছে না। আমি সমস্ত কিছু ত্যাগ করার শেষ প্রান্তে আছি। অধ্যবসায়ের আর কোনও বিষয় নেই। আমি চেষ্টা করেছি। কিন্তা হায়! সামনে আর কোনও রাস্তা নেই। আপনার জন্য আমার কাছে একটি সুসমাচার আছে: সেই একই উপত্যকা যা ব্যর্থতা এবং বিনাশের একটি প্রতীক ছিল, তা আশার দ্বারে পরিণত হয়েছে, এবং আমি প্রার্থনা করি যে সেই একই ঈশ্বর আপনার জীবনও আরও অধিক সুন্দর, বর্ণময়, এবং অর্থপূর্ণ করুন, কারণ তিনি ঈশ্বর এবং তিনি শূণ্য থেকে মহান বিষয়গুলি করতে পারেন।

প্রথমে আমরা আখর উপত্যকার তাৎপর্যটি দেখবো। সেই কারণে, আমাদের আগের যুদ্ধটি উপলব্ধি করা প্রয়োজন। নতুন নেতা যিহোশূয়ের নেতৃত্বে যিরীহোর যুদ্ধটির বিজয় যিহোশূয় এবং ইস্রায়েলের লোকদের জন্য অর্থপূর্ণ ছিল। তাদের বোধাতীত কিছু বিষয়ে, তারা ঈশ্বরের অলৌকিক ক্ষমতার অভিজ্ঞতা লাভ করেছিল। বিজয়টি মানবিক শক্তির উর্দ্ধে ছিল। তারা দেখেছিল ঈশ্বর কীভাবে তাদের হয়ে যুদ্ধ করেছিলেন। একবার তারা যখন মহাবিজয়ের অভিজ্ঞতা লাভ করেছিল, তারা ঠিক আমাদের মতো আত্মসন্তুষ্টিতে ভুগছিল। আমরা যখন ঈশ্বরের আশীবর্বাদ পাই, তখন আমরা স্বস্তি লাভ করি, তখন কে আমাদের আশীবর্বাদের উৎস তা ভুলে যাওয়ার প্রবণতা আমাদের মধ্যে থাকে এবং আমরা আশীবর্বাদটি উপভোগ করি। আমরা উপলব্ধি করি না যে সেই একই আশীবর্বাদ আমাদের জন্য ফাঁদে পরিণত হতে পারে! সুতরাং ঈশ্বরের লোকেরা, যিরীহোর মহাবিজয়ের পর, অপেক্ষাকৃত ছোট শহর অয়ের বিরুদ্ধে যুদ্ধ করছিল। তারা সবেমাত্র শক্তিশালী যিরীহোর বিরুদ্ধে জয়ী হয়েছিল, সুতরাং তারা তাৎপর্যহীন ক্ষুদ্র অয়ের বিরুদ্ধে যুদ্ধ করতে একটুও দ্বিধাবোধ করেনি। তারা ভুলে গিয়েছিল যে তাদের আগের বিজয় ঈশ্বরের কাছ থেকে এসেছিল,তাদের নিজস্ব শক্তি থেকে আসেনি। এখন তারা যুদ্ধে যাওয়ার বিষয় এবং অয়ের সঙ্গে যুদ্ধ করার বিষয় সিদ্ধান্ত নিয়েছিল। এটি তাদের কাছে মহাবিপর্যয়ে পরিণত হয়েছিল।

**সুতরাং তিন হাজার পুরুষ উপরে উঠেছিল, কিন্তু অয়ের লোকদের দ্বারা তারা নাস্তানাবুদ হয়েছিল, যারা তাদের ছত্রিশ জনকে হত্যা করেছিল। তারা. তাদের নগর দুয়ার থেকে পাথরের খনি পর্যন্ত ইস্রায়েলীয়দের পিছু ধাওয়া করেছিল এবং ঢালু পথে তাদের আঘাত করেছিল। এতে ভয়ে লোকদের হৃদয় গলে জলের মতো হয়ে গেল।** যিহোশূয় ৭:৪,৫।

(ক্রমশঃ ৬ পৃষ্ঠায়)

## বিশেষ সংবাদ

১। ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের আমাদের নহিমিয় বাইবেল কলেজগুলির বার্ষিক সমাবর্তন অনুষ্ঠান, ৩রা জুন, পুরাসওয়ালকামে বিকে এন ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছিল। বাইশ জন শিক্ষার্থী (ছেলে এবং মেয়ে) গ্রাজুয়েট হয়েছে এবং তাদেরকে পরিচর্যা কাজে ক্ষেত্রে পাঠানো হয়েছে।

২। চেন্নাইয়ের চীপকে এবং ভেলাচেরীতে, ৫ই জুন থেকে তামিল এবং হিন্দি ভাষায় নহিমিয় বাইবেল কলেজগুলো শুরু হয়েগেছে।

৩। আমাদের সন্তোষপুরম ক্যাম্পাসে, আমাদের তামিল ভাষায় নহিমিয় বাইবেল কলেজ ৩রা জুলাই ২০২৩ তারিখ থেকে শুরু হয়েগেছে।

৪। আমাদের **সেণ্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুল** নীচু শ্রেণীর ক্লাসগুলো ১২ জুন এবং উচু শ্রেণীর ক্লাসগুলো ১৪ই জুন শুরু হয়েছে। নতুন শিক্ষার্থীরা স্কুলে ভর্তি হয়েছে।

**ভ্রাতৃগণ, আমাদের জন্য প্রার্থনা করুন।** (থিষলনীকীয় ৫:২৫)


**नहेम्याह बाइबल कॉलेज**
**रेसिडेन्शल कॉलेज, चेन्नई।**

माध्यमः हिन्दी

ECHO OF HIS CALL 1969-2019
REACHING NATIONS

Regd. Candidate for Membership ATA NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI ECHO OF HIS CALL Estd. 1969

*सदस्यता के लिए पंजीकृत उम्मीदवार* - ATA

सुविख्यात अंतर्राष्ट्रीय मसीही अगुवे तथा पिछले 53 वर्षो से सेवारत वरिष्ठ पासवान

Diploma in Ministry : One year
Diploma in Theology : Two years
Bachelor of Theology : Three years

योग्यता 10 वी या अधिक
जल्दी करें!

**Contact : The Chairman, Nehemiah Bible College.**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

★ ऑनलाइन कक्षाएं उपलब्ध हैं ★

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে আগস্ট থেকে ১৮ই সেপ্টেম্বর, ২০২৩)



**(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)**

## প্রশংসার বিষয়সমূহ

**আগস্ট ১৯ :** ৩রা জুলাই, তারিখে ঈশ্বর আমাদের সন্তোষপুরমে নহিমিয় বাইবেল কলেজ শুরু করতে আশীর্বাদ করেছেন।

**দিন ২০:** নহিমিয় বাইবেল কলেজে ঈশ্বর আমাদের বিটিএইচ কোর্স শুরু করতে আশীর্বাদ করেছেন।

**দিন ২১:** চীপকে, ভেলাচেরীতে এবং সন্তোষপুরমে আমাদের নহিমিয় বাইবেল কলেজের জন্য ঈশ্বর আমাদের নতুন প্রিন্সিপাল, রেভাঃ জন স্ট্যানলী মহাশয়কে দিয়েছেন।

**দিন ২২:** আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত প্রকাশনাগুলির জন্য কেন্দ্রীয় সরকারের নথিভুক্ত পত্রিকার বিভিন্ন রীতিনীতিগুলো অন-লাইনে ফর্মগুলি পূরণ করতে তাঁর পরিচালনার জন্য।

**দিন ২৩:** আমাদের সমর্পিত কর্মীদের উপর আশীর্বাদের জন্য যারা একচিত্তে তাদের কর্তব্যগুলো পালন করছে।

**দিন ২৪:** ব্রাদার ইন্দ্রজিৎ রায়কে তার সাম্প্রতিক অসুস্থতা থেকে সুস্থ হতে সাহায্য করার জন্য।

**দিন ২৫:** আমাদের অংশীদারদের প্রতি আশীর্বাদের জন্য যারা নৈতিকভাবে এবং আর্থিকভাবে আমাদের সাহায্য করছেন।

**দিন ২৬:** ২০২৩ সালের ১০ই আগস্ট তারিখে অনুষ্ঠিত আমাদের ৫৫তম বার্ষিকী উদ্‌যাপন অনুষ্ঠানকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২৭:** আমাদের প্রধান মণ্ডলীতে ছেলে এবং মেয়েদের ইয়ূথ ফেলোশিপকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২৮:** আমাদের বরিষ্ঠ পাস্টর এস.স্যাম সেলভা রাজের আত্মজীবনী লেখার কাজকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২৯:** আমাদের নহিমিয় বাইবেল কলেজের কর্মীদের এবং তাদের পরিবারের সদস্যদের আশীর্বাদের জন্য।

**দিন ৩০:** আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের প্রিন্সিপাল, কর্মী এবং শিক্ষার্থীদের জন্য।

**দিন ৩১:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**সেপ্টেম্বর ০১:** আমাদের সমর্পিত সহযোগি সম্পাদকদের দিয়ে আমাদের পরিচর্যাকে আশীর্বাদ করার জন্য যারা আমাদের আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে সাহায্য করছেন।

**দিন ০২:** প্লেটমেকার, প্লেটগ্রাইণ্ডার, স্ক্রিন প্রিণ্টারদের থেকে বাহ্যিক সাহায্য দিয়ে আমাদের পরিচর্যা কাজকে আশীর্বাদ করার জন্য।

**দিন ০৩:** আমাদের সমস্ত কর্মী সদস্য এবং তাদের পরিবারগুলির সুরক্ষার জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ০৪:** আমাদের বরিষ্ঠ পালক এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের সদস্যদের **সমস্ত মন্দ শক্তির হাত থেকে নিরাপত্তা দেওয়ার জন্য।**

**দিন ৫:** আমাদের প্রিণ্টিং প্রেস অপারেটর, গাড়ীর ড্রাইভার এবং কম্পিউটার অপারেটারদের জন্য।

**দিন ৬:** আমাদের খ্রীষ্টানদের পুনর্বাসনের জন্য যারা তাদের বিরুদ্ধে আক্রমনের দরুন ক্লেশভোগ করছে।

**দিন ৭:** ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে আমাদের আবাসিক **নহিমিয় বাইবেল কলেজ** এবং **সান্ধ্য কলেজগুলিতে** যোগ্য শিক্ষার্থীদের ভর্ত্তির জন্য।

**দিন ৮:** আমাদের **নহিমিয় বাইবেল কলেজের** পাঠক্রমগুলি শিক্ষাদানের সঙ্গে এবং অনুবাদের কাজের সঙ্গে যুক্ত সহকর্মীদের জন্য।

**দিন ৯:** আমাদের খ্রীষ্টান প্রচারকগণ যেন কোন বিচ্যুতি ছাড়া নিখুঁতভাবে প্রচার করতে পারে।

**দিন ১০:** ঈশ্বরের যে দাসেরা কারাগারগুলিতে পরিচর্যা কাজ করছেন।

**দিন ১১:** পৃথিবীতে ঈশ্বরের রাজ্য নির্মাণের দর্শনগুলির উপর আমাদের ফোকাস দান করার জন্য।

**দিন ১২: আহ্বানের প্রতিধ্বনির** ইয়ূথ এবং আউটরীচ্ পরিচর্যাগুলির জন্য।

**দিন ১৩:** সমস্ত মাতাল এবং মন্দ কার্যকারীরা যেন মন পরিবর্তন করে।

**দিন ১৪:** সমস্ত খ্রীষ্টিয় সংস্থা এবং চার্চগুলির উপর ঈশ্বরের আশীর্বাদ এবং সুরক্ষার জন্য।

**দিন ১৫:** সমস্ত মহিলা এবং শিশুদের উপর হিংস্রতা থেকে ঈশ্বরের সুরক্ষার জন্য।

**দিন১৬:** আমাদের বরিষ্ঠ পালককে তাঁর আত্মজীবনী লিখতে দেওয়ার এবং পরিচালনা করার বিষয় তাঁর মহানুভবতার জন্য।

**দিন ১৭:** আমাদের আহ্বানের প্রতিধ্বনি প্রধান মণ্ডলী এবং শাখামণ্ডলীর সমস্ত বিশ্বাসীদের এবং তাদের পরিবারের সদস্যদের কল্যাণের জন্য।

**দিন ১৮:** আমাদের বরিষ্ঠ পাস্টর এস.স্যাম সেলভা রাজকে তাঁর বহুমুখী পরিচর্যায় নতুন নতুন দর্শন দানের মাধ্যমে আশীর্বাদ করার জন্য।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

আমি শুধু ভয়ে লোকদের হৃদয় গলে গিয়েছিল। একটা সময় তারা যিরীহো বিজয়ের মাধ্যমে ঈশ্বরের মঙ্গলময়তা উপভোগ করছিল, তারপর হঠাৎ একটা ছোট নগর তাদের পশ্চাতে ধাবিত হয়েছিল এবং তাদেরকে চরমভাবে বিনাশ করেছিল; এখন তারা মহাভয়ে বসেছিল। যিহোশূয় বুঝতে পারছিলেন না কী ভুল হয়েছিল, সুতরাং তিনি ঈশ্বরের কাছে গিয়েছিলেন এবং সদাপ্রভুর নিয়মসিন্দুকের কাছে প্রণিপাত করেছিলেন। ঈশ্বরের উপস্থিতির থেকে অধিক ভালো আর কোনও স্থান নেই। আমরা যখন আমাদের নিয়ন্ত্রণের বাইরে বিভিন্ন সংগ্রাম,যুদ্ধ, এবং যন্ত্রণার সম্মুখীন হই, তখন আমাদের যীশুর কাছে যাওয়ার এবং তাঁর চরণতলে পতিত হওয়ার প্রয়োজনের বিষয়টি আমাদের শেখা প্রয়োজন। যাইহোক, অধিকাংশ সময় আমরা এই মূল্যবান স্থানটির কথা ভুলে যাই এবং আমাদের বন্ধুবান্ধব এবং পরিবারদের সঙ্গে কথা বলার বিষয় সিদ্ধান্ত নিই, পরিচর্যাকারীদের ডাকি —আমাকে ভুল ভাববেন না, এটা করার মধ্যে কোনও ভুল নেই—কিন্তু আমাদের জন্য প্রথম স্থান হওয়া উচিৎ যীশুর চরণতল। যা মরিয়ম খুব ভালোভাবে জানতেন! কনানীয় মহিলার মতো, যিনি তার কন্যার আরোগ্যের জন্য যীশুর পদতলে পতিত হয়েছিলেন। যাকোব ঈশ্বরের দূতকে ধরেছিলেন এবং বলেছিলেন, যতক্ষণ না তুমি আমাকে আশীর্ব্বাদ করবে ততক্ষণ আমি তোমাকে ছাড়বো না। আপনি যখন পাঠ করছেন, আপনি যদি ঈশ্বরের কাছ থেকে কিছু আশা করছেন, প্রথমে তাঁর পদতলে পতিত হন! মানুষের পায়ে পতিত হওয়ার পরিবর্তে তাঁর পদতলে পতিত হওয়া অপেক্ষাকৃত অধিক ভালো। আর বলুন, " প্রভু, যতক্ষণ না আপনি আমার জীবনে কিছু করবেন ততক্ষণ আমি তোমাকে ছাড়বো না।"

ঈশ্বরের কোনও কিছু করার আগে, যিহোশূয় সদাপ্রভুর নিয়ম-সিন্দুকের সামনে পতিত হয়েছিলেন, ঈশ্বরের আনুকূল্য পাওয়ার জন্য তাকে কী করতে হবে সেই বিষয়টি ঈশ্বর তাকে দেখিয়েছিলেন। তাদের পরাজয়ের—ধাঁধাটির মধ্যে হারিয়ে যাওয়া যে বিষয়টি তিনি খুঁজে পাচ্ছিলেন না সেই বিষয়টি খুঁজে পেতে তিনি তাকে সাহায্য করেছিলেন। প্রিয় বন্ধুগণ, আপনারা যদি আপনাদের জীবনে কোনও পরিবর্তনের জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করছেন, তাহলে আমাদের পরিস্থিতিগুলো পরিবর্তিত করার কথা বলার আগে, প্রথমে ঈশ্বরকে বলুন, "হে সদাপ্রভু, আমার জীবনে তুমি কী পরিবর্তন করতে চাও?" সদাপ্রভু যিহোশূয়কে বলেছিলেন,**"উঠে দাঁড়াও! তুমি এখানে মুখ লুটিয়ে কী কী করছ? ইস্রায়েল পাপ করেছে; ...সেই কারণে ইস্রায়েলীয়রা তাদের শত্রুদের সামনে দাঁড়াতে পারছে না...।"** (যিহোশূয় ৭: ১০-১২)।

এই আকস্মিক বিপর্যয়ের অভিজ্ঞতা লাভ করার কারণগুলি ঈশ্বর সরাসরি যিহোশূয়কে বলেছিলেন। ঈশ্বর যিহোশূয়ের কাছে ব্যাখ্যা করেছিলেন যে একটি লোকের অবাধ্যতার কারণে সমগ্র জাতি পরাজিত হয়েছে। তারা সম্পূর্ণরূপে নির্দেশগুলি অনুসরণ করতে ব্যর্থ হয়েছে। প্রিয় বন্ধুগণ, ঈশ্বরের ইচ্ছা এবং অনুগ্রহের মধ্যে জীবন যাপন করার জন্য বাধ্যতা হচ্ছে একটি গুরুত্বপূর্ণ উপাদান। বলিদানের থেকে বাধ্যতা অধিক শ্রেয়। আংশিক বাধ্যতা হচ্ছে সম্পূর্ণ অবাধ্যতা! ঈশ্বর যদি আপনাকে কিছু করতে বলেন, দ্বিধা করবেন না, সন্দেহ করবেন না, এবং পরিণতিগুলোর বিষয় চিন্তা করবেন না, কেবল সেটা করুন!

## আখোর উপত্যকা

### ১। অপমান এবং লজ্জার প্রতীক

যিরীহো সম্পর্কে ঈশ্বরের নির্দেশগুলো খুবই স্পষ্ট ছিল। তিনি বলেছিলেন, **"কিন্তু বর্জিত জিনিসগুলি থেকে তোমরা দূরে সরে থাকবে, যেন সেগুলির কিছু গ্রহণ করে তোমরা নিজেদের ধ্বংস ডেকে না আনো। অন্যথায়, তোমরা ইস্রায়েলের শিবিরে বিনাশ ও তার উপরে বিপর্যয় ডেকে আনবে"** (যিহোশূয় ৬:১৮)।

কিন্তু আখন কিছু বিষয় গ্রহণ করার সিদ্ধান্ত নিয়েছিল যেগুলি দৃষ্টিতে সুন্দর মনে হয়েছিল,এবং শুধু তাই নয়, তিনি সেগুলি লুকিয়ে রেখেছিলেন। হতভাগ্য আখন ঈশ্বরের ক্ষমতাকে খাটো চোখে দেখেছিল। ঈশ্বর প্রকৃতই আখনের উপর ক্রুদ্ধ হয়েছিলেন! **আমি যখন লুণ্ঠন দ্রব্যগুলির মধ্যে ব্যাবিলনীয়ার একটি সুন্দর আলখাল্লা দেখেছিলাম, ২০০ শেকল রুপো এবং পঞ্চাশ শেকল সোনা দেখেছিলাম, তখন লোভে পড়ে আমি সেগুলি নিয়েছিলাম। আমার তাঁবুর মধ্যে মাটিতে সেগুলি লুকানো আছে, আর সেগুলির নিচে রুপোও রাখা আছে** (যিহোশূয় ৭:২১)।

আখনের পছন্দ এবং তার সিদ্ধান্তের একটি মারাত্মক পরিণতি ছিল। তাদের পিতার পাপ তার স্ত্রী এবং সন্তানদের উপর এতো ভয়ঙ্কর প্রভাব ফেলেছিল যে তাদেরকে এর জন্য তাদের জীবন দিতে হয়েছিল। সমগ্র জাতির সামনে তার স্ত্রী এবং সন্তানদের পাথর মেরে হত্যা করা হয়েছিল। এটি কেবল তার প্রতিই অপমান আনেনি কিন্তু তার সমগ্র পরিবারকে অপমানিত হতে হয়েছিল।

আমরা যা কিছু গোপনে করি তার বাহ্যিক বিভিন্ন মারাত্মক পরিণতি থাকে। আখন মনে করেছিল সে গোপনে এটা চুরি করেছিল এবং গোপনে লুকিয়ে রেখেছিল। কিন্তু ঈশ্বর এটি প্রকাশ্যে এনেছিলেন, এবং আখন এবং তার পরিবারকে এর জন্য শাস্তি পেতে


**নহিমিয় বাইবেল কলেজ**

**সান্ধ্যকালীন / আবাসিক কলেজ**

চীপক এবং সন্তোষপুরম

মাধ্যম: তামিল

*Registered Candidate for Membership*

Asia Theological Association (ATA)

৫৩ বছর যাবৎ আন্তর্জাতিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং বরিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত

Diploma in Ministry : One year
Diploma in Theology : Two years
Bachelor of Theology : Three years

শিক্ষগত যোগ্যতা: দশম শ্রেণী এবং তদুর্ধ
ভর্ত্তির জন্য সত্বর যোগাযোগ করুন!

**Contact : The Chairman, Nehemiah Bible College.**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
⋆ ONLINE CLASSES ARE AVAILABLE ⋆

হয়েছিল। **আমরা গোপনে যা কিছু করি সেই বিষয়ে আমাদের সাবধান হতে হবে। কারণ ঈশ্বর প্রত্যেকটি কাজ বিচারে আনবেন, এর মধ্যে প্রত্যেকটি গোপন বিষয়ও অন্তর্ভুক্ত, তা সে ভালো অথবা মন্দ যাই হোক না কেন** (উপদেশক ১২:১৪)। ঈশ্বরের কাছে ক্ষমা চাওয়ার একটি সুযোগ হিসাবে এটি গ্রহণ করার জন্য এক মিনিট সময় নিন, যাতে আমাদের গোপন কাজগুলোর দ্বারা আমাদের সন্তানদের কষ্ট না পেতে হয়।

আমাদের কাজ একজন ব্যক্তির মধ্যেই শেষ হয়ে যায় না। এর সুদূর প্রসারী প্রভাব থাকে। আমার পছন্দগুলো, আমার সিদ্ধান্তগুলো, এবং আমার অবাধ্যতার বিষয়গুলোর ভবিষ্যত প্রজন্মগুলোর উপর ব্যাপক প্রভাব থাকে। যাইহোক, কালভেরীর ক্রুশের জন্য ঈশ্বরকে ধন্যবাদ। **যেহেতু একজন ব্যক্তির অবাধ্যতার কারণে অসংখ্য লোক পাপী হয়েছিল, সেইভাবে একজন ব্যক্তির বাধ্যতার মাধ্যমে অনেকে ধার্মিক গণিত হবে।** রোমীয় ৫:১৯

আমি আখনের গল্পটিকে তার পরিবারের প্রেক্ষিতে দেখছিলাম। এই পরিস্থিতি সম্পর্কে তার সন্তানরা এবং স্ত্রী কী চিন্তা করে থাকতে পারে? এই পাপে তাদের অংশগ্রহণ করার বিষয়ে কিছুই বলা হয়নি। তাই সন্দেহ থাকার ফলে আমরা ধরে নেব তারা এই বিষয়ে কিছু জানতেন না। একদিন সুন্দর সকালে, আপনাকে সমস্ত জাতির মধ্যে থেকে পৃথক করা হয়েছিল। আপনাকে এমন একটা বিষয়ে অভিযুক্ত, অপমানিত এবং লজ্জিত করা হয়েছিল যার সঙ্গে আপনি যুক্ত ছিলেন না কারণ এটা ছিল অন্য এক জনের দোষ।

হতে পারে আপনি যখন এটি পাঠ করছেন, তখন আপনি ভাবতে পারেন আমি আজ অন্য কারও দোষে এই পরিস্থিতির মধ্যে আছি। কেন আমি এর জন্য শাস্তিভোগ করবো? কীভাবে এটা ন্যায্য বিচার হতে পারে? ঈশ্বর কেন এই বিষয়ে কিছু করছেন না?

অপরদিকে, তারা হয়তো কিছু জানতো—তারা কিছু লুকাতে দেখে থাকতে পারে কিন্তু তারা এই বিষয়ে নীরব ছিল। আমি ভাবছি, "আমি কেন এতো চিন্তা করছি? এটাকেই বলে নীরব অংশগ্রহণ। কয়েক সময় আমাদের উপলব্ধি করা প্রয়োজন যে যখন কোনও বিষয় সদাপ্রভুর বিরুদ্ধে করা হবে তখন আমরা চুপ করে থাকতে পারি না। আমাদেরকে অবশ্যই যা সঠিক তার পক্ষে দাঁড়াতে সক্ষম হতে হবে।

আখনের পাপের জন্য ইস্রায়েলীয়রা ঈশ্বরের সম্মুখে অপরাধী হিসাবে দাড়িয়েছিল। কেবল একজন ব্যক্তি অবাধ্যতার কাজ করেছিল, কিন্তু সমগ্র ইস্রায়েল দায়ী হয়েছিল। একজন ব্যক্তির অপরাধের জন্য ঈশ্বর কেন সমগ্র জাতিকে শাস্তি দিয়েছিলেন? কীভাবে এই পৃথিবীতে পাপ এসেছিল? এর কারণ ছিল একজন ব্যক্তির পাপ, এবং সমস্ত পৃথিবীর উপর এর প্রভাব পড়েছিল। কিন্তু ঈশ্বরকে ধন্যবাদ দিই যে একজন ব্যক্তির বাধ্যতা (যীশু খ্রীষ্টের) আমাদের জন্য পরিত্রাণ এনেছিল! আখনের পাপ সমগ্র জাতিকে প্রভাবিত করেছিল!

## ২। গোপন পাপের প্রতীক

আখনের অবাধ্যতা তাকে তার পাপকে গোপন করার পথে চালিত করেছিল। কেউ জানতো না সে কী করেছিল। তার লোভ, প্রলোভন, ইত্যাদির জন্য কেবল

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেন্স কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

***বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।***

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

বিনামূল্যে মাসিক পত্রিকা
**আহ্বানের প্রতিধ্বনি**
লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

**TAX EXEMPTION**

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| Account Name | : ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST |
| Account Number | : 1023 2923 805 |
| Bank Name | : STATE BANK OF INDIA |
| Branch | : TRIPLICANE, CHENNAI - 600 005 |
| IFSC Code | : SBIN 0000249 |
| SWIFT Code | : SBI NIN BB 455 |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
## PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)




## অলৌকি কাজের জন্য তাঁকে বিশ্বাস করুন।

## আমাদের দৈন্য অবস্থায় তিনি আমাদের স্মরণ করলেন, তাঁর দয়া অনন্তকালস্থায়ী। (গীত ১৩৬:২৩)

১৯৭১ সালে, আমার পরিচর্যা কাজের প্রথম দিকের দিনগুলিতে, আমি চেন্নাই পোস্ট অফিসে আবেদন করেছিলাম এবং ২৯৫৭ নম্বরের একটা পোস্ট বকস্ পেয়েছিলাম। ঐ দিনগুলিতে আমার চিঠিপত্র পাওয়ার জন্য এটা আমার কাছে অত্যন্ত প্রয়োজনীয় ছিল যেহেতু আমার কোনও স্থায়ী ঠিকানা ছিল না।

সেই সময়গুলোতে আমাকে অত্যধিক আর্থিক চাপের মধ্যে থাকতে হতো যেহেতু আমাকে পরিচর্যা কার্যকলাপের সমস্ত খরচ আমার মাসিক মাইনের থেকে খরচ করতে হতো। বেশ কয়েকবার আমাকে অনাহারের মধ্যে দিয়ে এবং আর্থিক কষ্টের মধ্যে দিয়ে যেতে হয়েছিল। কিন্তু ঈশ্বর আমার সহবর্তি ছিলেন এবং আমি আমার পরিচর্যার এবং জীবনের সমস্ত প্রয়োজনগুলির জন্য তাঁর উপর আস্থা রাখতে সক্ষম হয়েছিলাম এবং আমি আমার মাথার উপর প্রভুর হাত দেখতে পেয়েছিলাম।

১৯৭৬ সালের একবার আমি আহ্বানের প্রতিধ্বনি পত্রিকা ছাপানোর টাকা পরিশোধ করতে সক্ষম হইনি। আমি বেশ কয়েক দিন ধরে প্রার্থনা করেছিলাম এবং আমি ঈশ্বরের কাছ থেকে কোনও উত্তর পাইনি। পোস্ট অফিসের সুবিধা বাতিল করে জমা রাখা ৫০০ টাকা তুলে নেওয়া ছাড়া আমার কাছে আর অন্য কোনও উৎস ছিল না।

সুতরাং আমি পোস্ট অফিসে গিয়েছিলাম এবং আমার পোস্ট বকস্ সুবিধা বাতিল করে আমার জমা রাখা ৫০০ টাকা ফেরত দেবার জন্য পোস্ট মাস্টারের কাছে আবেদন করেছিলাম। পোস্ট মাস্টার আমাকে বোঝানোর চেষ্টা করেছিলেন যে পোস্ট বাকস্ পাওয়া কত কঠিন এবং তিনি আমার আবেদনটি কার্যকর করতে দেরী করছিলেন। আমি আমার অসহায়তায় খুবই দুঃখিত হয়েছিলাম। অবশেষে, পোস্ট মাস্টার আমার পোস্টবকস্ সুবিধা বাতিল করেছিলেন এবং আমার জমা রাখা টাকা আমাকে ফেরৎ দিয়েছিলেন।

কিন্তু আমি যখন পোস্ট মাস্টারের ঘর থেকে বেরিয়ে এসেছিলাম, তখন পোস্ট অফিসের একজন কর্মী সদস্য, মিঃ গোবিন্দান আমার সঙ্গে সাক্ষাৎ করেছিলেন এবং পোস্ট বকস্ বাতিল করার কারণ জিজ্ঞাসা করেছিলেন। আমি আমার আর্থিক অবস্থার কথা তাকে বলেছিলাম। তিনি সঙ্গে সঙ্গে আমার জন্য কিছু টাকার ব্যবস্থা করেছিলেন এবং আমাকে পোস্টমাস্টারের ঘরে নিয়ে গিয়েছিলেন এবং পরিচর্যা কাজের জন্য অনেক চাপ দিয়ে আমাকে আবার সেই একই পোস্ট বকস্ ফিরে পেতে সাহায্য করেছিলেন। আমরা আজও আমাদের পরিচর্যা কাজে সেই একই পোস্ট বকস্ ব্যবহার করছি। ঈশ্বরের গৌরব হোক।

আমার জীবনের সমস্ত উত্থান পতনে, ঈশ্বর বিশ্বস্ত আছেন। দারিদ্র, অসুস্থতা এবং অন্যান্য প্রয়োজনের সময় আমাকে সাহায্য করার জন্যতিনি স্বর্গদূতদের পাঠিয়েছেন। তিনি মহান ঈশ্বর। সেই একই ঈশ্বর যে কোনও লোকের জীবনে যে কোনও সময় যে কোনও আশ্চর্য কাজ করতে পারেন। প্রিয় পাঠক, আপনিও আপনার জীবনে একটি অলৌকিক কাজের জন্য তাঁকে বিশ্বাস করতে পারেন।

*******

---

তার জীবনের মূল্য দিতে হয়নি, কিন্তু তার পরিবারের জীবনের মূল্যও দিতে হয়েছিল। ঈশ্বর সব কিছু জানেন, সেই কারণে গীত রচয়িতা ১৩৯ এর গীতে বলেছেন:

**হে সদাপ্রভু, তুমি আমাকে অনুসন্ধান করেছ,আর তুমি আমাকে জানো। তুমি জানো আমি কখন বসি আর কখন উঠি; দূর থেকেও তুমি আমার মনের ভাবনা বুঝতে পারো। তুমি জানো আমি কোথায় যাই আর আমি কোথায় শয়ন করি; আমার সকল চলার পথ তোমার পরিচিত। আমার জিভে কোনও কথা উচ্চারিত হবার আগেই তুমি, হে সদাপ্রভু, তা সম্পূর্ণভাবে জানো।**

আমরা যখন আমাদের পাপগুলোকে গোপন করি, তখন এর মারাত্মক পরিণতি থাকে। যেখানে এই পাপ লুকানো থাকে তা প্রকাশ্যে আনা হবে। **"আমার চোখ তাদের সমস্ত জীবনাচরণের প্রতি নিবদ্ধ থাকবে, তাদের কোনো পাপ আমার কাছ থেকে গুপ্ত থাকবে না"** (যিরমিয় ১৬:১৭)।

ঈশ্বর আমাদের গোপন বিষয়গুলো জানেন। আমাদের উচিত সেই বিষয়গুলো প্রভুর সামনে প্রকাশ করা। তাঁর অনুগ্রহ যথেষ্ট থেকে অধিক যাতে আমাদের পরিণতি আখনের মতো না হয়। ঈশ্বর আমাদের অন্তরের কামনাগুলো জানেন। আমরা যা কিছু করি এবং কেন করি তার পশ্চাতে আমাদের যে অভিপ্রায় থাকে তা আলোতে আনা হবে—এমনকী যা কিছু অন্ধকারে থাকে। আমরা যদি পরাজয়, অপমানের স্থান থেকে দূরে চলে যেতে চাই, তাহলে আমাদের ঈশ্বরের সামনে শুচি হওয়া প্রয়োজন। ঈশ্বরের সঙ্গে সৎ হন; পুরাতন নিয়মের দিনগুলির সঙ্গে অসদৃশ, আমাদের যীশুর রক্ত আছে যা আমাদের জন্য মধ্যস্থতা করে এবং আমরা যদি যাচ্ঞা করি তাহলে আমাদের ধৌত করে।

আখন উত্তর দিয়েছিল, **"একথা সত্যি! ইস্রায়েলের ঈশ্বর, সদাপ্রভুর বিরুদ্ধে আমি পাপ**

**করেছি। আমি এরকম করেছিলু লুণ্ঠিত জিনিসপত্রের মধ্যে আমি যখন ব্যাবিলনীয়ার একটি সুন্দর আলখাল্লা, ২০০ শেকল রুপো ও পঞ্চাশ শেকল ওজনের সোনার একটি লম্বা টুকরো দেখেছিলাম, তখন লোভে পড়ে আমি সেগুলি নিয়েছিলাম। আমার তাঁবুর মধ্যে মাটিতে সেগুলি লুকানো আছে,আর সেগুলির নিচে রুপোও রাখা আছে।" অতএব যিহোশূয় দূতদের পাঠালেন, এবং তারা দৌড়ে তাঁবুর কাছে গেল, ও সেখানে, তার তাঁবুর মধ্যে সেগুলি লুকানো ছিল, আর সেগুলির নিচে রুপোও রাখা ছিল। তারা তাঁবু থেকে সেই জিনিসগুলি নিয়ে, যিহোশূয় ও সমগ্র ইস্রায়েলীর কাছে সেগুলি আনল এবং সদাপ্রভুর সামনে সেগুলি মেলে ধরল।"** যিহোশূয় ৭:২০-২৩

আসুন এখন আমরা নিজেদের পরীক্ষা করি। আমাদের জীবনে কি কোনও গোপন পাপ আছে? কীভাবে আপনি আপনার সময় অতিবাহিত করেন? যখন কেউ আপনাকে দেখে না তখন আপনি কী করেন? আপনি আপনার ফোনে কী ধরণের অনুষ্ঠানগুলি দেখেন? আপনি কি ঈশ্বরের থেকে অধিকাংশ সময় সামাজিক প্রচার মাধ্যমগুলি দেখে সময় অতিবাহিত করেন? আপনি কি আমাদের সমস্যাগুলি নিয়ে কথা বলতে থাকেন, অথবা আমরা কি আমাদের প্রতিজ্ঞাগুলি দাবি করতে থাকি? আপনার কি গোপন জীবন আছে? এটি ঈশ্বরের সঙ্গে হৃদয়ে হৃদয় মিলিয়ে কথা বলার সময়। বন্ধ ঘরে আমরা যা করি তা ভীষণভাবে বিবেচ্য বিষয়! আরও অধিক ঈশ্বরের বাক্য পাঠ করুন এবং আরও অধিক প্রার্থনা করুন।

## ৩। একটি নতুন সূচনার এবং আশার প্রতীক

আখোরের উপত্যকা, যা পরাজয়, বিরক্তি, লজ্জা, এবং মৃত্যুর প্রতীক ছিল, তা নতুন আশা এবং নতুন সূচনার প্রতীকে পরিণত হয়েছিল। এটি আশার দ্বারে পরিণত হয়েছিল। হোশেয় ২:১৫। কীভাবে এটা সম্ভব হয়েছিল?

আখন এবং তার পরিবারের মৃত্যুর পর (সদাপ্রভুর শাস্তি দানের পর), সমগ্র ইস্রায়েল জাতি অনুতপ্ত হয়ে সদাপ্রভুর অন্বেষণ করেছিল। পাপের বিষয়টি নিয়ে কাজ করার পর, সদাপ্রভু তাঁর অনুগ্রহ পুনরুদ্ধার করেছিলেন। তিনি আর তাদের প্রতি ক্রুদ্ধ ছিলেন না। আবার, আমরা ক্রুশের দ্বারা এতে অধিক আশীর্বাদযুক্ত হয়েছি যে আমাদের আর শাস্তি ভোগ করতে হবে না। আমরা যখন আমাদের পাপ স্বীকার করবো, তখন আমাদের ক্ষমা করার বিষয় তিনি বিশ্বস্ত থাকবেন। **"সেখানে আমি তাকে তার দ্রাক্ষাকুঞ্জ ফিরিয়ে দেব এবং আখোর উপত্যকাকে তৈরী করব এক আশার দুয়ারে। সেখানে সে তার যৌবনকালের দিনগুলির মতো প্রতিক্রিয়া করবে, যেমন যেদিন সে মিশর ছেড়ে বের হয়ে এসেছিল"** (হোশেয় ২:১৫)। এটি আশীর্বাদের স্থানে পরিণত হয়েছিল।

হতে পারে আপনি যখন এটি পাঠ করছেন, তখন আপনি ভাবছেন যে আপনি মৃত্যুর শেষ প্রান্তে এসেছেন; এর থেকে বের হওয়ার কোনও পথ নেই; কোনও আশা নেই; আপনার চারিদিকে সব কিছু এতো বেশী নেতিবাচক যে আপনি কেবল হতাশাজনক বার্তা শুনতে পাচ্ছেন! আপনি হয়তো ভাবছেন এটাই শেষ,একটি ফুলস্টপ! আমার প্রিয় ভাই এবং বোনেরা, প্রভু যীশু খ্রীষ্ট অসম্ভবকে সম্ভব করার জন্য এই পৃথিবীতে এসেছিলেন। তিনি বন্ধ্যা জঠরকে জীবন দিয়েছিলেন; একজন মৃত আবার জীবিত হয়েছিল;বন্ধ চোখ উন্মুক্ত হয়েছিল;যেখানে পথ ছিল না, সেখানে তিনি পথ করে দিয়েছিলেন। আপনি কি সম্পূর্ণ হতাশা অনুভব করছেন? আপনার জন্য আমার কাছে এক মহান সমাচার আছে। যেখানে লজ্জায় আপনার মাথা হেঁট হয়েছিল, সেই একই জায়গায় প্রভু আপনার মস্তককে উন্নত করবেন। তিনি আপনার শৃঙ্গ উচ্চীকৃত করবেন এবং আপনার শত্রুদের সম্মুখে আপনার মস্তক তৈলে সিক্ত করবেন। এই বিষয়গুলি ঘটার জন্য, আমাদেরকে কিছু করতে হবে। আমাদের ঈশ্বরের সামনে সৎ হতে হবে, তাঁর দৃষ্টিতে যা কিছু প্রীতিজনক নয় তা ঘোষণা করতে হবে, এবং তাঁর ক্ষমা যাজ্ঞা করতে হবে এবং সাহায্য যাজ্ঞা করতে হবে যাতে আমরা বার বার সেই সমস্ত বিষয় না করি।

ঈশ্বরের সঙ্গে আমাদের সম্পর্কটি পুনরুদ্ধার করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ঈশ্বরের সঙ্গে আমাদের সম্পর্ক যখন ঠিক হবে, ঈশ্বর তখন আপনার ফুলস্টপটি কমাতে পরিণত করবেন, গল্পটা তখন উত্তেজনার সঙ্গে ক্রমাগত চলতে থাকবে, আমাদের প্রভু মহান পৃষ্ঠাগুলি লিখবেন। আপনি যা কিছু হারিয়েছেন তা পুনরুদ্ধার হবে যখন ঈশ্বরের সঙ্গে আপনার সম্পর্ক পুনরুদ্ধার হবে।

সেই একই জায়গা (আখোর উপত্যকা), যা অস্থিরতা এবং বেদনার স্থান, তা একটি বিশ্রামের স্থানে পরিণত হবে যখন আপনি সদাপ্রভুর অন্বেষণ করবেন। **"আমার অন্বেষী প্রজাদের জন্য, শারোণ মেষপালের এক চারণভূমি হবে, আর আখোর উপত্যকা হবে পশুপালের এক বিশ্রামস্থান"** (যিশাইয় ৬৫:১০)।

প্রিয় ভাই এবং বোনেরা, আখোর উপত্যকা থেকে আশার দ্বারের এই যাত্রাটি হচ্ছে একটি:

- অপমান থেকে আশার উদ্দেশে একটি যাত্রা।
- ভগ্নতা থেকে নতুন কিছু নির্মাণের যাত্রা।
- হতাশা, পরাজয়, মনমরা, মৃত্যু থেকে একটি আনন্দপূর্ণ গন্তব্যের উদ্দেশে একটি যাত্রা।
- আমরা যদি আমাদের সমস্যা এবং ক্লেশগুলোর সমাধান করার জন্য - আমাদের আশা দানকারী ঈশ্বরের সঙ্গে হাতে হাত মিলাই
- আমরা যদি আমাদের দুঃখ/আখোর উপত্যকার বিষয়টি শিক্ষার জন্য একটি ঘটনাতে পরিণত করার সিদ্ধান্ত নিই
- আমরা যদি মহাতাড়নাকে ধৈর্য্যের বিষয় হিসাবে, এবং ধৈর্য্যকে অভিজ্ঞতা, এবং অভিজ্ঞতাকে আশা হিসাবে দেখার সিদ্ধান্ত নিই। এটাই ক্রম পর্যায়।
- আমাদের শেখা প্রয়োজন যে প্রথম দুটি বিষয় ছাড়া-মহাতাড়না এবং ধৈর্য্য ছাড়া আমরা আশা লাভ করতে পারি না।
- আমাদের বিশ্বাস করা প্রয়োজন যে তিনি আমাকে পরিচালিত করেছেন এবং আগের সমস্ত ঘটনার ক্ষেত্রে তিনি আমার সঙ্গে আছেন, এখন আমাকে ছেড়ে যাওয়ার কোন পথ নেই
- কোনও সংশোধনই প্রীতিকর অভিজ্ঞতার বিষয় নয়,এটা কঠিন, বেদনাদায়ক, এবং বিরক্তিকর হবে কিন্তু এর শেষ ফল নিশ্চিতভাবে আশীর্বাদের বিষয় হবে।

আমি প্রার্থনা করি যে আজ আপনি যখন নিজেকে ঈশ্বরের হাতে সমর্পণ করবেন, তখন তিনি আপনার জন্য এত অধিক করবেন যা আপনার যাজ্ঞা এবং কল্পনার থেকে অধিক। আপনার আখোর উপত্যকা যীশুর নামে আশ্বার দ্বারে পরিণত হবে!

*******

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/21-23 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/21-23

**গীতসংহিতা ১২১:৭-৮**

সদাপ্রভু তোমাকে সকল অমঙ্গল থেকে রক্ষা করবেন; আর তিনি তোমার প্রাণরক্ষা করবেন; তোমার যাওয়া আসার পথে সদাপ্রভু তোমাকে রক্ষা করবেন এখন থেকে চিরকাল পর্যন্ত।

## OUR BANK DETAILS:

*1. Bank : State Bank of India*

Branch : Triplicane, Chennai-5
Name : S. Sam Selva Raj
A/C No. : 1023 2934 679
IFSC : SBIN 00 00 249
SWIFT CODE : SBI NIN BB 455

*2. Bank : ICICI Bank*

Branch : Anna Salai, Chennai-6
Name : Echo of His Call
A/C No. : 6038 0502 2319
IFSC : ICIC 000 6038

*3. Bank : State Bank of India*

(This Account is for Tax Exemption for Indians only )

Branch : Triplicane, Chennai-5
Name : Echo of His Call Educational Trust
A/C No. : 1023 2923 805
IFSC : SBIN 00 00 249

Google Pay: 98410 71858
PayPal : SAM SELVA RAJ
*****
E.mail : sam@echoofhiscall.org

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852, 95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/21-23
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/21-23
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at “Egmore RMS / 1 Patrika Channel”
on 14th AUGUST 2023
If un-delivered please return to:
ECHO OF HIS CALL (BENGALI)
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

*JESUS LOVES YOU!*

To

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**